কোন একটি ভাষা যদি একজন শিক্ষার্থীর মাতৃভাষা না হয়ে থাকে কিন্তু ঐ ভাষায় তাঁর উচ্চতর দক্ষতা থাকে, তবে কি তারা অংশগ্রহণ করতে পারবে?

হ্যাঁ, যদিও পরীক্ষার সময় পরীক্ষাকৃত ভাষায় শিক্ষার্থীকে নবিশ উচ্চ স্তর বা এর চেয়ে উচ্চতর স্তরে পড়তে, লিখতে, বলতে ও শুনতে পাওয়ার যোগ্য পাওয়া যায়। অনুগ্রহ করে সেলফ অ্যাসেসমেন্ট গ্রিড দেখুন। শিক্ষার্থীকে সকল কাজ নিজে নিজে সম্পন্ন করার যোগ্য হতে হবে।

কি কি ভাষা পরীক্ষা করা যাবে?

প্রাপ্য সকল ভাষা রেজিস্ট্রেশন ফর্মে উল্লেখ থাকবে। আপনি যদি কোন ভাষা দেখতে না পান, তাহলে সেটি এখন পাওয়া যাবে না।

পরীক্ষা কখন অনুষ্ঠিত হবে?

পরীক্ষা নভেম্বর এর নির্বাচন দিন (Election day) অনুষ্ঠিত হবে। কিছু ভাষার জন্য আলাদা পরীক্ষার প্রয়োজন হয় এবং নির্দিষ্ট তারিখ ও সময়ে শিক্ষার্থীদের সাথে সরাসরি যোগাযোগ করা হবে। আরও তথ্যের জন্য FAQ দেখুন:
https://www.apsva.us/world-languages/credit-by-exam/credit-by-exam-faq/

শিক্ষার্থীরা কিভাবে সাইন-আপ করবে?

রেজিস্ট্রেশন তথ্য অনলাইনে এখানে পাওয়া যাবে:
https://www.apsva.us/world-languages/credit-by-exam/
রেজিস্ট্রেশন ফর্ম সাবমিট করা হয়ে গেলে আপনি কনফার্মেশন মেসেজ পাবেন। এরপর, পরীক্ষার তারিখ, সময় ও স্থান নিশ্চিত করার জন্য শিক্ষার্থীর সাথে যোগাযোগ করা হবে।
পরীক্ষার তারিখের ছয় সপ্তাহ পূর্বে **রেজিস্ট্রেশন** বন্ধ হয়ে যাবে।

পরীক্ষার স্কোর কিভাবে নির্ণয় করা হবে?

পরীক্ষার স্কোর হয় একটি কম্পিউটার অথবা একজন বহিরাগত মূল্যায়ক কর্তৃক নির্ণয় করা হবে যিনি পরীক্ষাকৃত ভাষায় দক্ষ। ফলাফলই চূড়ান্ত ফলাফল এবং আপিল করা যাবে না। নিম্নলেখ অনুযায়ী ক্রেডিট প্রদান করা হবে:

দক্ষতার স্তর	প্রদত্ত ক্রেডিট	পরবর্তী প্লেসমেন্ট	পরবর্তী SFS প্লেসমেন্ট
নবিশ উচ্চ	1.0	লেভেল II	SFS I
ইন্টারমিডিয়েট নিম্ন	2.0	লেভেল III	SFS II
ইন্টারমিডিয়েট মাঝারি	3.0	লেভেল IV	SFS III

*প্লেসমেন্টের অন্য অপশন লেভেল IV হবে

পরীক্ষায় পাসের জন্য শিক্ষার্থী কি একটি গ্রেড পাবে?

সফল হলে, শিক্ষার্থী সমমানের কোর্সের জন্য একটি "পাস" গ্রেড পাবে যা ট্রান্সক্রিপ্টে "P" হিসেবে উল্লেখ থাকবে স্তর সফল ভাবে সম্পন্ন হয়েছে তা বোঝানোর জন্য। শিক্ষার্থীরা এমন লেটার গ্রেড পাবে না যা গ্রেড পয়েন্ট (GPA) কে প্রভাবিত করবে। যেসকল শিক্ষার্থী পূর্বে লেটার গ্রেড অর্জন করেছিল, তারা পরীক্ষায় অর্জিত "পাস" গ্রেডের সাথে লেটার গ্রেড প্রতিস্থাপন করতে পারবে না যদি না কোর্সটি মাধ্যমিক স্কুলে নেওয়া হয়।

ফলাফল কিভাবে শেয়ার করা হবে?

ফেব্রুয়ারী মাসের শুরুতে চিঠির মাধ্যমে পিতামাতাকে ফলাফল জানানো হবে।

Credit-by-Exam & Seal of Biliteracy

World Languages Office

2110 Washington Blvd.
Arlington VA 22204

Phone: 703.228.6097
apsva.us/worldlanguages

Arlington Public Schools

Credit-by-Exam কি?

আর্লিংটন পাবলিক স্কুলস (APS) ইংরেজি ছাড়া অন্য ভাষা বোঝার ও সে ভাষায় যোগাযোগ করতে পারার সামর্থ্য রয়েছে এমন শিক্ষার্থীদেরকে স্টেট অনুমোদিত বিশ্ব ভাষার পরীক্ষার মাধ্যমে হাই স্কুলে ক্রেডিট অর্জনের জন্য সুযোগ দিয়ে থাকে। Credit-by-Exam হাই স্কুলে বিদেশী ভাষায় তিনটি পর্যন্ত ক্রেডিট দেওয়ার জন্য শিক্ষার্থীদের বিদেশী ভাষার দক্ষতা পরিমাপ করে।

Credit-by-Exam এ অংশগ্রহণ কীভাবে শিক্ষার্থীদেরকে সাহায্য করে?

শিক্ষার্থীরা যদি অ্যাডভান্সড স্টাডিজ ডিপ্লোমা (ASD) নিয়ে গ্র্যাজুয়েশন করতে ইচ্ছুক হয়, তবে তাদেরকে বিশ্ব ভাষার ক্রেডিট অর্জন করতে হবে। এগুলি অর্জন করা যায় একটি ভাষার তিনটি ক্রেডিট (3 x 1) বা দু'টি ভিন্ন ভাষার দুইটি ক্রেডিট (2 x 2) অর্জন করার মাধ্যমে।

পরীক্ষার মাধ্যমে কয়টি বিশ্ব ভাষা ক্রেডিট অর্জন করা যায়?

দক্ষতা প্রদর্শিত ক্রেডিটের উপর ভার্জিনিয়া বোর্ড অফ এডুকেশন এর নির্দেশিকা যা নভেম্বর ২০২০ সালে সংশোধিত হয়েছিল তা অনুযায়ী পরীক্ষার মাধ্যমে প্রাপ্ত দক্ষতার ভিত্তিতে একজন শিক্ষার্থী সর্বোচ্চ তিনটি ক্রেডিট অর্জন করতে পারে। যদি একজন শিক্ষার্থী তাঁর ভাষা দক্ষতার কারণে উচ্চতর শ্রেণীতে স্থান পায় তাহলে সে পূর্ববর্তী লেভেলের পূর্ববর্তী ক্রেডিটের জন্য পরীক্ষা দিতে পারবে। যদি একজন শিক্ষার্থী লেভেল II তে ভর্তি হয় এবং পরীক্ষায় তিন ক্রেডিট পায়, শুধুমাত্র একটি অতিরিক্ত ক্রেডিট, লেভেল III এর জন্য ক্রেডিট, তাদের ট্রান্সক্রিপ্ট এ যোগ করা যাবে। **একই বিশ্ব ভাষার কোর্সের জন্য একাধিক ক্রেডিট দেওয়া যাবে না।**

এই মূল্যায়নের স্কোর কিভাবে একজন শিক্ষার্থীকে ভার্জিনিয়ার একটি Seal of Biliteracy পেতে সাহায্য করে?

২০১৫-২০১৬ সাল হতে, এডুকেশন বোর্ড এর ভার্জিনিয়ার Seal of Biliteracy, গ্র্যাজুয়েশন করা হাই স্কুলের শিক্ষার্থীদের ইংরেজির সাথে অতিরিক্ত এক বা একাধিক ভাষায় উচ্চ মাত্রার দক্ষতা অর্জনকে প্রত্যয়িত করে। যেসকল শিক্ষার্থী ইংরেজির End-of-Course Assessments এর সকল প্রয়োজনীয়তা পাস করবে দক্ষ বা আরও উঁচু লেভেলে (১১তম গ্রেড SOL) এবং অন্য আরেকটি ভাষার জাতীয় মানের কোনো পরীক্ষায় বাচন ও লিখিত (speaking and writing) তে ইন্টারমিডিয়েট-মাঝারি স্তর বা তার বেশি স্কোর করবে তাদেরকে Seal of Biliteracy প্রদান করা হবে। Seal of Biliteracy শিক্ষার্থীর হাইস্কুল ডিপ্লোমায় দেওয়া হবে এবং সেটি তাদের হাইস্কুল ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।

কারা যোগ্য এবং শিক্ষার্থীরা কিভাবে বুঝবে যে তারা এই পরীক্ষার জন্য যথেষ্ট দক্ষ?

গ্রেড ৯ – ১২ এর শিক্ষার্থীরা যোগ্য, যদি তারা *কমপক্ষে* নবিশ উচ্চ লেভেলের হয়, এবং পারে :

- সহজ প্রশ্ন করতে ও জবাব দিতে।
- একটি আলাপচারিতায় অন্য একজনের জবাবে সহজ বিবৃতি দিতে
- সাধারণ তথ্য জানাতে।
- পছন্দ ও অপছন্দের ব্যাখ্যা দিতে।
- একটি সাধারণ ফর্ম পূরণ করতে।
- দৈনন্দিন কর্মকাণ্ডের একটি তালিকা পড়তে ও লিখতে।

অনুগ্রহ করে CBE FAQ তে প্রাপ্য সেলফ অ্যাসেসমেন্ট গ্রিড দেখুন: https://www.apsva.us/world-languages/credit-by-exam/credit-by-exam-faq/

আপনি যদি English Learner সার্ভিস গ্রহণকারী হয়ে থাকেন এবং ইংরেজি ভালো বুঝতে ও পড়তে না পারেন, রেজিস্ট্রেশন ফর্ম এ অবশ্যই উল্লেখ করবেন যে আপনি এসব সার্ভিস গ্রহণ করছেন যাতে করে আমরা নিশ্চিত হতে পারি যে আপনার জন্য আলাদা পরীক্ষা প্রয়োজন যদি প্রাপ্য হয়।

কাদের এই পরীক্ষা দেওয়া উচিৎ না?

- বর্তমানে লেভেল IV বা SFS III ক্লাসে নথিভুক্ত শিক্ষার্থীরা যেহেতু তারা এই পরীক্ষা বসন্তে (spring) তাদের ক্লাসে দিতে হবে।
- সেইসকল শিক্ষার্থী যারা পূর্ববর্তী বিশ্ব ভাষা কোর্সে তাদের গ্রেড উন্নত করতে চায়। এটা অনুমোদিত নয়।

এর জন্য কত খরচ হবে?

আর্লিংটন পাবলিক স্কুলের শিক্ষার্থীদের প্রথমবারের জন্য কোনো খরচ নেই। আবার পরীক্ষা দেওয়ার খরচ শিক্ষার্থী নিজে বহন করবে এবং প্রতিটি পরীক্ষার খরচ ভিন্ন-ভিন্ন।

যে সকল শিক্ষার্থী ভাষার উপর ভিত্তি করে মৌখিক দক্ষতার ইন্টারভিউ (OPI) এর জন্য নির্ধারিত ছিল এবং উপস্থিত থাকে নি তারা উপস্থিত না থাকার ফি এর জন্য দায়ী থাকবে যা মৌখিক দক্ষতা ইন্টারভিউ (OPI) এর জন্য $55।

কোথায় আরও বেশি তথ্য পাওয়া যাবে?

World Languages Office এর 703.228.6097 তে যোগাযোগ করুন অথবা একজন স্কুল কাউন্সিলর এর সাথে কথা বলুন।